

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭২৩

কৈলাসহর, ১৮ নভেম্বর, ২০২৩

চট্টগ্রাম রাজ্য দু'দিন ব্যাপী সুশাসন শিবির

চট্টগ্রাম রাজ্যের বীরচন্দ্রনগর গ্রামপঞ্চায়েতের আনন্দ মার্গ প্রাইমারি স্কুল প্রাঙ্গনে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের বিষয়ে সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। দু'দিনব্যাপী এই শিবিরের উদ্বোধন করেন উন্কোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি শ্যামল দাস। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, রাজ্যের প্রত্যেক মানুষের কাছে আরও বেশি করে সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌছে দেবার জন্য প্রতি ঘরে সুশাসন অভিযান আবারও শুরু করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীরচন্দ্রনগর গ্রামপঞ্চায়েতের প্রধান বিপুল চন্দ্র রঞ্জপাল। স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম রাজ্যের বিভিন্ন প্রসেনজিৎ মালাকার।

শিবিরে বিভিন্ন দপ্তরের সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ সংশ্লিষ্ট সুবিধাভোগীদের কাছে পৌছে দেওয়া হয়। শিবিরে চারটি স্বসহায়ক দলের হাতে ১২ লক্ষ টাকার খণ্ডের মঙ্গুরিপত্র তুলে দেওয়া হয়। তাছাড়া মৎস্যচাষী সুবিধাভোগীদের হাতে আইস বক্স ও কনি জাল তুলে দেওয়া হয়। সুশাসন শিবিরে সুবিধাভোগীদের মধ্যে আর ও আর, রেশন কার্ড, ইনকাম সার্টিফিকেট, পিআরটিসি, এসটি, এসসি, ওবিসি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে স্বাস্থ্য শিবির ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে প্রাণী চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিভিন্ন দপ্তর থেকে ২০টি স্টল খোলা হয়। এই সুশাসন শিবিরটি চট্টগ্রাম রাজ্যের বিলাসপুর, বীরচন্দ্রনগর, ছন্দেল ও ফুলতলি গ্রাম পঞ্চায়েতকে কেন্দ্র করে অনুষ্ঠিত হয়েছে।
